



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল- ৮)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

স্মারক নং: পসব্য/প্রকা/পরি-১৬/১৮-১৯/ ৩৬০৭

তারিখ: ২৬ /১১/২০১৮খ্রিঃ

উপজেলা সমন্বয়কারী
একটি বাড়ি একটি খামার প্রকল্প

ও

শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)
পল্লী সঞ্চয় ব্যাংক
সকল শাখা

বিষয়ঃ একটি বাড়ি একটি খামার প্রকল্পের "ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ" বিতরণ, আদায় এবং ঘূর্ণায়মান তহবিল সৃজন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। একটি বাড়ি একটি খামার প্রকল্পের সদস্যদের দারিদ্র্যসীমা হতে উত্তরণ ঘটিয়ে আর্থ-সামাজিক উন্নয়ন প্রক্রিয়া চলমান রাখার মাধ্যমে জীবনমান উন্নয়নের জন্যই ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ কার্যক্রম চালু করা হয়েছে। প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালার আলোকে যে সকল উপকারভোগী সদস্য কমপক্ষে পর পর তিনবার ঋণ গ্রহণ করে বিভিন্ন খামার সৃজন পূর্বক সম্পূর্ণ ঋণ পরিশোধ করেছেন এবং প্রকল্পের সক্ষম (Graduated) সদস্যদের জন্য ৫% সেবা মূল্যের মাধ্যমে আরও বৃহত্তর পরিসরে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের জন্য "ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ" বিতরণের নির্দেশনা রয়েছে। ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। ইতোমধ্যে প্রতিটি উপজেলা থেকে "ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ মঞ্জুরের সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি"র মাধ্যমে ১৫ (পনের) জন এবং প্রতিটি ইউনিয়ন থেকে ০৬ (ছয়) জন করে উপকারভোগীর তালিকা প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়েছিল। যে সকল শাখা এখনও তালিকা প্রেরণ করেনি তাদেরকে অবিলম্বে প্রকল্প কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক "ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ মঞ্জুরের সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি"র মাধ্যমে উপকারভোগীর তালিকা সরাসরি প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। পল্লী সঞ্চয় ব্যাংক তালিকা প্রেরণের প্রয়োজন হবে না। প্রকল্প কার্যালয়ে উপকারভোগীদের তালিকা প্রেরণের সময় লক্ষ্য রাখতে হবে যেন একই নাম দুইবার প্রেরণ করা না হয়। তাছাড়াও যোগ্য সদস্য বাছাই করে ইউনিয়ন ওয়ারী সক্ষম (Graduated) একটি তালিকা শাখায় সংরক্ষণ করে রাখতে হবে যাতে পরবর্তীতে প্রকল্প কর্তৃপক্ষের নির্দেশনা পাওয়ার পরে উপজেলা কমিটির সুপারিশ নিয়ে দ্রুত তালিকা প্রকল্প অফিসে প্রেরণ করা যায়।

০৪। প্রধান কার্যালয় থেকে প্রেরিত অনুমোদনকৃত তালিকার কোন নাম পরিবর্তনের প্রয়োজন হলে উপজেলার "ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ মঞ্জুরের সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি"র মাধ্যমে পরিবর্তন পূর্বক ঋণ বিতরণ করা যাবে। সেক্ষেত্রে রেজুলেশন শাখায় সংরক্ষণ পূর্বক ঋণ বিতরণ করতে হবে। বিতরণ শেষে পূর্বে প্রেরিত একই ছক পূরণ করে সুপারিশ কমিটির সকল সদস্যের স্বাক্ষর গ্রহণ পূর্বক আবরনী পত্রসহ সংশোধিত উপকারভোগীর নামের তালিকা প্রকল্পের প্রধান কার্যালয়ে এবং একটি তালিকা পল্লী সঞ্চয় ব্যাংকের প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৫। পল্লী সঞ্চয় ব্যাংক থেকে "ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ তহবিল ঋণের ১৫ (পনের) দিনের মধ্যে উপকারভোগীদের নিকট ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে। একটি বাড়ি একটি খামার প্রকল্প কর্তৃপক্ষের থেকে প্রাপ্ত অনুমোদিত তালিকার ভিত্তিতে ঋণের তহবিল পল্লী সঞ্চয় ব্যাংকের মাধ্যমে উপকারভোগী সদস্যদের মধ্যে ঋণ বিতরণ করা হচ্ছে। বিতরণ কৃত ঋণ পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব তহবিল হিসেবে বিবেচিত হবে।

০৬। ইতোমধ্যে বিতরণকৃত ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ এবং ঋণের সেবামূল্যসহ আদায়কৃত কিস্তির মাধ্যমে সৃষ্ট পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব ঘূর্ণায়মান ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ তহবিল থেকে স্থানীয়ভাবে যোগ্য সক্ষম (Graduated) উপকারভোগী বাছাই করে উপজেলার "ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ মঞ্জুরের সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটি"র মাধ্যমে অনুমোদন পূর্বক এই ঋণ বিতরণ করতে হবে।

০৭। তহবিলের সর্বোচ্চ ব্যবহার এবং বৃদ্ধি নিশ্চিত কল্পে নিয়মিত ঋণ বিতরণ করতে হবে। পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব ঘূর্ণায়মান ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ তহবিল থেকে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ বিতরণের জন্য বাছাইকৃত উপকারভোগীর তালিকা প্রধান কার্যালয়ে প্রেরণের প্রয়োজন নাই।

- ০৮। সরকারি তহবিল হতে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋন প্রদানের জন্য একটি বাড়ি একটি খামার প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের পূর্ণাঙ্গ হিসাব সংরক্ষণ করতে হবে। তাছাড়া, পল্লী সঞ্চয় ব্যাংকের নিজস্ব ঘূর্ণায়মান ঋণ তহবিল এবং সার্ভিস চার্জের হিসাবও আলাদাভাবে সংরক্ষণ করতে হবে।
- ০৯। প্রধান কার্যালয় হতে তহবিল প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে বিতরণ শেষ করে সংযুক্ত ছক “ক” মোতাবেক ঋণের অর্থ বিতরণের মাস্টাররোল পল্লী সঞ্চয় ব্যাংক এবং প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ১০। গৃহীত ঋণ সেবামূল্যসহ সম্পূর্ণ পরিশোধের পর একই ব্যক্তিকে পুনরায় এ ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে যথাসময়ে ঋণ পরিশোধ ও সফলতার সহিত পূর্বের ঋণ ব্যবহারকারী অগ্রাধিকার পাবে।
- ১১। বর্তমানে এ ঋণের পরিমাণ ৫০,০০০- হতে ১,০০,০০০ টাকার মধ্যে সীমাবদ্ধ। প্রথম দফায় ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ঋণ বিতরণ করে দ্বিতীয় দফায় সর্বোচ্চ ২০,০০০ (বিশ হাজার) টাকা বৃদ্ধি করে সর্বোচ্চ ৭০,০০০ (সত্তর হাজার) টাকা এবং তৃতীয় দফায় সর্বোচ্চ ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা বৃদ্ধি করে সর্বোচ্চ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে। তবে, ঋণের মেয়াদ ৬ মাস অতিক্রান্ত না হলে ঋণ সম্পূর্ণ পরিশোধ করলেও ঋণের সিলিং বৃদ্ধি করা যাবে না। উদ্যোক্তা ঋণের চাহিদা, ঋণ ব্যবহারের সক্ষমতা ও সক্ষম উপকারভোগীদের সংখ্যা বিবেচনায় পরবর্তীতে ঋণের সিলিং বৃদ্ধি করা যেতে পারে যা সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে জানানো হবে।
- ১২। এমতাবস্থায়, “ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋন” বিতরণ, মাসিক ভিত্তিতে সেবামূল্যসহ কিস্তি আদায়, কিস্তির টাকা পল্লী সঞ্চয় ব্যাংকে নিয়মিত জমাকরন, উক্ত তহবিল পুনঃবিনিয়োগের মাধ্যমে ঘূর্ণায়মান তহবিল বৃদ্ধি ও তহবিল সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত


(মোঃ সগির হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক (পরিচালন)

ফোন- ০২-৫৫১৩৮৫৬১

agmmonitoring@pallisanchaybank.gov.bd

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ০১। চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। প্রকল্প পরিচালক মহোদয়, একটি বাড়ি একটি খামার প্রকল্প, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
- ০৫। অফিস কপি।

অর্থ বছর : ২০১৮-১৯

meed.

[illegible]